গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ শাখা
www.hsd.gov.bd

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০২.২০-২৯৭

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

বিষয়: ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ৩০.০৯.২০২১ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত এতদসংগে নির্দেশক্রমে প্রেরণ করা হলো ।

সংযুক্ত: বর্ণনামতে

৪-১১-২০২১
মোহাম্মদ ইকবাল হোসেন
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
ইমেইল: monitor@hsd.gov.bd

বিতরণ :
১) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) যুগ্মসচিব, বাজেট-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৪) যুগ্ম-সচিব, মানবসম্পদ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) অতিরিক্ত সচিব, পারসোনেল অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) অতিরিক্ত সচিব, পরিকল্পনা অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৭) সিনিয়র সহকারী সচিব, ক্রয় ও সংগ্রহ-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৮) উপসচিব, প্রশাসন-৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৯) উপসচিব, প্রশাসন-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১০) উপসচিব, সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১১) সিনিয়র সহকারী সচিব, নার্সিং সেবা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১২) উপসচিব, জনস্বাস্থ্য-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১৩) উপসচিব, প্রশাসন-৪ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা

বিভাগ

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০২.২০-২৯৭/১(২)

তারিখ: ১৯ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ

২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ

৪-১১-২০২১
মোহাম্মদ ইকবাল হোসেন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: **২০২১-২০২২ অর্থবছরের ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | : সাবিনা ইয়াসমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য সেবা বিভাগ। |
| তারিখ ও সময় | : ৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ ও বেলা ০৩:০০ টা |
| আয়োজনে | : স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাস্থ্য সেবা বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকল অনুবিভাগে কর্মকর্তাদেরকে নতুন নতুন উদ্ভাবনী ধারণা তৈরি ও বাস্তবায়নের মাধ্যমে দাপ্তরিক সেবা প্রদান প্রক্রিয়াকে আরো সহজতর করার জন্য অনুরোধ জানান। সভাপতি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২. সভাপতির অনুমতিক্রমে জনাব মোহাম্মদ ইকবাল হোসেন, উপসচিব (প্রশাসন-৪) গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. গত ২২.০৮.২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরুপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

৪. পর্যালোচনা সভায় বিষয়ভিত্তিক আলোচনা ও সুপারিশসমূহ নিম্নরূপঃ

| ক্রমিক | আলোচনার বিষয় | সুপারিশ সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৪.১ | **[১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ :**<br>১.১ উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন: সভায় ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি উদ্ভাবনী ধারণা প্রদানের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখায় পত্র প্রেরণ করার পরামর্শ দেন।<br>১.২ সেবা সহজিকরণ : কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক সেবা সহজিরণ বিষয় আলোচিত হয়। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের উদ্ভাবন নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য সেবা বিভাগে যেসব সেবা পেতে নাগরিক বা কর্মকর্তা-কর্মচারীদের ভোগান্তির শিকার হতে হয় সেগুলোর মধ্য হতে একটি সেবাকে সহজিকরণ করতে পরামর্শ দেন।<br>১.৩ সেবা ডিজিটাইজেশন : কর্মপরিকল্পনা ২০২১-২০২২ মোতাবেক সেবা ডিজিটাইজেশনের বিষয়টি আলোচিত হয়। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের একটি সেবাকে ডিজিটাইজেশনের পরামর্শ দেন। তিনি গত অর্থবছরে গৃহীত ইনভেন্টরি ম্যানেজমেন্ট সেবাটিকে অক্টোবর থেকে ট্রায়াল দেওয়ার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, নভেম্বরের মধ্যে অনলাইন রিকুইজিশন কার্যক্রম অনুশীলন ও হালনাগাদ সম্পন্ন করে ডিসেম্বর হতে পুর্নাঙ্গভাবে বাস্তবায়ন করার পরামর্শ দেন। তিনি চলতি অর্থবছরে বাসা বরাদ্দের বিষয়টি ডিজিটাইজেশন করা যায় কীনা তা যাচাই করে দেখার প্রস্তাব দেন । | ক) উদ্ভাবনী ধারণা প্রদানের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখায় পত্র প্রেরণ করতে হবে।<br>খ) নাগরিক বা কর্মকর্তা-কর্মচারীদের ভোগান্তির শিকার হতে হয় এমন কোনো সেবাকে সহজিকরণ করতে হবে।<br>গ) স্বাস্থ্য সেবা বিভাগের চলতি অর্থবছরে বাসা বরাদ্দের সেবাটিকে ডিজিটাইজেশন করতে হবে।<br>ঘ) গত অর্থবছরে গৃহীত ইনভেন্টরি ম্যানেজমেন্ট এর মাধ্যমে সেবা প্রদানের কাজ ডিসেম্বর থেকে পুর্ণাঙ্গভাবে বাস্তবায়ন করতে হবে।<br>ঙ) নির্বাচিত উদ্ভাবনী ধারণাগুলোর অগ্রগতি প্রতিবেদন এবং রেপ্লিকেশন/ স্কেলআপের রোডম্যাপ প্রশাসন-৪ শাখায় প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট উদ্ভাবকদের পত্র প্রেরণ করতে হবে।<br>চ) নথি নিস্পত্তি ও পত্র জারির ক্ষেত্রে শতকরা ৮০ ভাগ ই-নথিতে সম্পন্ন করতে হবে।<br>ছ) ই-নথির উপর প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | সকল শাখা অধিশাখা/ প্রশাসন-৪ |

| | | | |
|---|---|---|---|
| | **[১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা :**<br>উপসচিব (প্রশাসন-৪) জানান সভাটি গত ১২ আগস্ট, ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাস্তবায়িত উদ্ভাবনী ধারণাগুলোর অগ্রগতি প্রতিবেদন এবং রেপ্লিকেশন/স্কেলআপের রোডম্যাপ বিগত শোকেসিংয়ে নির্বাচিত উদ্ভাবকদের দ্রুত প্রশাসন-৪ শাখায় প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে মর্মে তিনি জানান।<br><br>[১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি: ই-নথির ব্যবহার বৃদ্ধিকরণের বিষয়ে বিষদ আলোচনা করা হয়। নথি নিষ্পত্তি ও পত্র জারির ক্ষেত্রে শতকরা ৮০ ভাগ ই-নথিতে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। প্রশাসন-৪ শাখা হতে ই-ফাইলিংয়ে নথি উপস্থাপন বৃদ্ধি করার বিষয়ে ইতোপূর্বে স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখায় পত্র প্রেরণ করা হয়েছে মর্মে জানানো হয়।<br><br>[১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন:<br>সভায় চতুর্থ শিল্পবিপ্লব সম্পর্কে আলোচনা করা হয়। সভাপতি নভেম্বর মাসে একটি কর্মশালা আয়োজন এবং মন্ত্রিপরিষদ বিভাগ ও স্বাস্থ্য সেবা বিভাগ হতে এবিষয়ে অভিজ্ঞ রিসোর্স পারসন দিয়ে পরিচালনা কথা বলেন। | জ) নভেম্বর, ২০২১ মাসে চতুর্থ শিল্পবিপ্লব বিষয়ক একটি কর্মশালা আয়োজন করতে হবে। | |
| ৪.২ | **[২] প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিঃ**<br>**[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ**<br>তথ্য বাতায়ন হালনাগাদকরণ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ করার উপর জোর দেন। সেই সাথে তিনি বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশের উপর জোর দেন।<br>**[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন:**<br>সভায় কর্মক্ষেত্রে স্বচ্ছতা আনতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। ইতোপূর্বে ২৫ জনের কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে মর্মে জানানো হয়।<br>সভাপতি দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রশাসন-৪ কে অনুরোধ করেন। | ক) তথ্য বাতায়নে সকল সেবা বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে।<br><br>খ) বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশ করতে হবে।<br><br>গ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নে নির্ধারিত প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করতে হবে।<br><br>ঘ) সভাপতি দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন-৪/ কম্পিউটার সেল |

৩। সবশেষে সভাপতি মহোদয় সুন্দর এই আয়োজনের সাথে সম্পৃক্ত সকলকে ধন্যবাদ জানান। কর্মশালায় গৃহিত সিদ্ধান্ত এবং করণীয় বিষয়গুলি যথাসময়ে বাস্তবায়নের অনুরোধ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/১১/২১

সাবিনা ইয়াসমিন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
চিফ ইনোভেশন অফিসার
স্বাস্থ্য সেবা বিভাগ